

জাতীয় আবহাওয়া যোগাযোগ কেন্দ্র, ঢাকা		
	সহ: যোগা: প্রকৌ:	উ: যোগা: প্রকৌ:
সাক্ষর:		
প্রাপ্তি নম্বর	৮-৭	
তারিখ	০৬/০৬/২৫	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই/২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর ২৩.০৯..২৬৮০.১৭৩.০৭.০১২.২৪ ৫ ৩ ৩

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

অব্যবহৃত/পরিত্যক্ত মালামাল বিক্রয়ের নিমিত্ত নিলাম পুনঃবিজ্ঞপ্তি

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রানওয়ে থেকে প্রায় ১৫০ মিটার পূর্বদিকে অবস্থিত প্রধান আবহাওয়া কার্যালয়, ঢাকা, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর অব্যবহৃত ও পরিত্যক্ত যন্ত্রপাতি এবং লোহার এঞ্জেলসহ জিআই তারের ফেমিং (যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করা হবে। উক্ত মালামাল বিক্রয়ের জন্য উন্মুক্ত নিলাম ডাক আগামী ১৬-০৩-২০২৫ ইং তারিখ বেলা ১২ ঘটিকায় প্রধান আবহাওয়া কার্যালয়, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কন্ট্রোল টাওয়ার ভবন, গেইট নং-১০, ঢাকা-এর ২০৫ নং কক্ষে অনুষ্ঠিত হবে।

নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে বা প্রতিষ্ঠান প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হয়ে ৩০০০ (তিন হাজার) টাকা ফেরৎযোগ্য জামানত ফি প্রদানপূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন। সর্বোচ্চ নিলামকারীর মূল্য কর্তৃপক্ষের নিকট গৃহীত হলেই মালামাল বিক্রয় করা হবে। সর্বোচ্চ ডাককারীর ডাকের মূল্যের সাথে বিধিমোতাবেক সরকারি কর ও ভ্যাট পরিশোধ করবেন। নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

নিলাম ডাকে অংশগ্রহণের শর্তাবলী:

১। বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রকৃত ব্যবসায়ী নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে নিলামকারীগণ জাতীয় পরিচয় পত্র জমা প্রদান সাপেক্ষে ও জামানত হিসেবে নিলাম কমিটির সদস্য সচিবের নিকট ৩০০০ (তিন হাজার) টাকা জমা করে নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। নিলাম ডাকের পর কৃতকার্য দরদাতা ছাড়া অন্যান্যদের জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।

২। নিলামে অংশগ্রহণকারীগণকে যোগাযোগের জন্য সুনির্দিষ্ট ও সঠিক ঠিকানা ও মোবাইল নং অবশ্যই সরবরাহ করতে হবে।

৩। বিমান বন্দরের নিরাপত্তা জনিত কারণে ১২ মার্চ সকাল ১১ ঘটিকা থেকে দুপুর ২ ঘটিকা পর্যন্ত সময়ে বিমানবন্দরের গেইট পাশ পাওয়া সাপেক্ষে (গেইট পাশের জন্য ০২ কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ কমপক্ষে তিন দিন পূর্বে পাশের জন্য আবেদন করতে হবে) মালামাল পরিদর্শন করা যাবে।

৪। সর্বনিম্ন নিলাম ডাক ১০০০০(দশ হাজার) টাকা থেকে শুরু হবে।


৫। কৃতকার্য দরদাতা মালামালের মূল্য এবং বিধিমোতাবেক কর ও ভ্যাট-এর টাকা সরকার নির্ধারিত কোডে জমা দেয়ার পর চালান যাচাই সাপেক্ষে অব্যবহৃত ও পরিত্যক্ত মালামাল গ্রহণের আদেশ জারী করা হবে এবং জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।

Sumanbar

৬। মোবাইল ফোনে মেসেজ/কল প্রাপ্তির পর নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে দরদাতা তার নামে ইস্যুকৃত চিঠি গ্রহণ করতে পারবেন। ডাকযোগে পত্র না পাওয়ার/বিলম্বের অজুহাত গৃহিত হবে না।

৭। মালামাল গ্রহণের আদেশ জারি হওয়ার তারিখ হতে গেইট পাশ পাওয়া সাপেক্ষে ১০(দশ) কর্মদিবসের মধ্যে মালামাল বুঝে নিতে হবে।

৮। কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


সুমন সাহা

সহকারী আবহাওয়াবিদ ও
সদস্য সচিব
নিলাম কমিটি

বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

(দৃঃআঃ সাধারণ প্রশাসন শাখা-নিলামে বিক্রয়কৃত অর্থ কোন কোডে জমা প্রদান করা হবে এবং মোট মূল্যের সাথে কত % কর ও ভ্যাট আদায় করতে হবে তা উন্মুক্ত নিলাম ডাকের নির্ধারিত তারিখের পূর্বেই জানানোর অনুরোধ সহ)

২। স্যাটো (পরিচালক), কন্ট্রোল টাওয়ার, সিএএবি, হশাআনঃবিমানবন্দর, ঢাকা।

৩। উপ পরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৪। উর্ধ্বতন যোগাযোগ প্রকৌশলী, এন.এম.সি.সি, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
(বিএমডি'এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

৫। নোটিশ বোর্ড- আবহাওয়া সদর দপ্তর, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, কন্ট্রোল টাওয়ার হশাআনঃবিমানবন্দর, স্পারশো।

৬। লগ নোট- প্রধান আবহাওয়া কার্যালয়, ঢাকা।